



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০
কল্যাণ শাখা
www.probashi.gov.bd



কোভিড-১৯ এর কারণে প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারের উপযুক্ত সদস্য এবং ক্ষতিগ্রস্ত হয়ে প্রত্যাগত অভিবাসী কর্মীকে পুনর্বাসনের জন্য ঋণ প্রদান

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত হয়ে দেশে ফেরত আসা অভিবাসী কর্মী কিংবা কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে বিদেশে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারের একজন উপযুক্ত সদস্যের আয়-কর্মসংস্থানের মাধ্যমে টেকসই রিইন্টিগ্রেশনের লক্ষ্যে ঋণ সুদে ঋণ প্রদান সংক্রান্ত “কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০” জারি করেছে। এই নীতিমালার আওতায় প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে গত ১৫ জুলাই হতে সমগ্র বাংলাদেশে যোগ্য প্রার্থীদের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম শুরু হয়েছে।

- ২। উক্ত নীতিমালার আওতায় সরকার প্রাথমিকভাবে ২০০ কোটি টাকার তহবিল গঠন করেছে। নীতিমালা অনুযায়ী মোট ৩৫টি খাত/প্রকল্পে ৪% সরল সুদে ০১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) লক্ষ টাকা ঋণ গ্রহণের সুযোগ রয়েছে এবং ঋণের মেয়াদ প্রকল্প এবং ব্যবসার প্রকৃতি/ধরন অনুযায়ী সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর।
- ৩। এই ঋণ গ্রহণে আগ্রহী বিদেশে করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারের উপযুক্ত সদস্য বা বিদেশ প্রত্যাগত কর্মীকে নিকটস্থ প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখা, জেলা কর্মসংস্থান ও জনশক্তি কার্যালয় কিংবা স্থানীয় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)-তে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত তথ্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.probashi.gov.bd) এবং প্রবাসী কল্যাণ ব্যাংকের ওয়েবসাইট (<http://pkb.gov.bd/>)-এ পাওয়া যাবে।

সরকার প্রদত্ত ঋণ সুবিধা গ্রহণ করে নিজের ও পরিবারের আর্থিক সচ্ছলতা আনার পাশাপাশি বর্তমান সরকারের অর্থনৈতিক অগ্রযাত্রার ধারাকে অব্যাহত রাখতে এগিয়ে আসুন।

প্রচারে : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়